সে দিন আমায় বলেছিলে আমার সময় হয় নাই—
ফিরে ফিরে চলে গেলে তাই ॥
তখনো খেলার বেলা— বনে মল্লিকার মেলা,
পল্লবে পল্লবে বায়ু উতলা সদাই ॥
আজি এল হেমন্তের দিন
কুহেলীবিলীন, ভূষণবিহীন।
বেলা আর নাই বাকি,   সময় হয়েছে নাকি—
দিনশেষে দ্বারে বসে পথপানে চাই ॥

---

Parjaay: Prakriti / Hemanta, Taal: Kaharwa, Raag: Behag
Visit www.geetabitan.com for notation and other detail